# অক্টোবরে বিশ্বের জনসংখ্যা ৭০০ কোটি ছাড়িয়ে যাবে

আগামী ৩১ অক্টোবরে বিশ্বের জনসংখ্যা ৭০০ কোটি ছাড়িয়ে যাবে। চলতি শতক শেষে জনসংখ্যা এক হাজার কোটি বা তার বেশি হবে। গত মঙ্গলবার জাতিসংঘের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

প্রতিবেদনে জানানো হয়, চলতি শতকের মাঝামাঝি সময় বিশ্বের জনসংখ্যা ৯৩১ কোটি হবে। দুই বছর আগে জাতিসংঘের প্রকাশিত অন্য একটি প্রতিবেদনে বলা হয়েছিল, চলতি শতকের মাঝামাঝি সময় বিশ্বের জনসংখ্যা ৯১৫ কোটি হবে।

এদিকে বিশ্বের জনসংখ্যা বেড়ে গেলেও চীন এবং রাশিয়ার জনসংখ্যা কমে যাবে। জাতিসংঘের কর্মকর্তা গেরহার্ড হেইলগ সংবাদ সম্মেলনে জানান, চীনের বর্তমান জনসংখ্যা ১৩৪ কোটি। ২১০০ সালে জনসংখ্যা কমে ১০০ কোটিতে নেমে যাবে। রয়টার্স।